গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা ১০০০

স্মারক নং- বিএমটিটিআই/প্রশাঃ/রাজস্ব নিয়োগ-৩১৩/২০২৩/২০৩৩ তারিখ: ১৭ শ্রাবণ ২০২৩ বঙ্গাব্দ / ০১ আগস্ট ১৪৩০ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরাধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে (https://alljobs.teletalk.com.bd/bmtti বা http://bmtti.teletalk.com.bd ওয়েবসাইটে) অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর<br>গ্রেড -১৩<br>(বেতন স্কেল ১১০০০-২৬৫৯০) | ০১টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>খ) টাইপে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি-৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ থাকতে হবে। |
| ০২ | কেয়ারটেকার কাম স্টোর কিপার<br>গ্রেড -১৪<br>(বেতন স্কেল ১০২০০-২৪৬৮০) | ০১টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না;<br>খ) কম্পিউটারে MS Office-এ কাজ করার দক্ষতা। |
| ০৩ | কম্পিউটার অপারেটর কাম ল্যাব এ্যাসিসটেন্ট<br>গ্রেড -১৪<br>(বেতন স্কেল ১০২০০-২৪৬৮০) | ০১টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটারে MS Office-এ কাজ করার দক্ষতা। |
| ০৪ | লাইব্রেরি এ্যাসিসটেন্ট<br>গ্রেড -১৪<br>(বেতন স্কেল ১০২০০-২৪৬৮০) | ০১টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ০৫ | ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড -১৬<br>(বেতন স্কেল ৯৩০০-২২৪৯০) | ০১টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) টাইপে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি-২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ০৬ | মেডিক্যাল এ্যাসিসটেন্ট<br>গ্রেড -১৬<br>(বেতন স্কেল ৯৩০০-২২৪৯০) | ০১টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে মেডিক্যাল এ্যাসিসট্যান্ট কোর্স সনদ পরীক্ষায় উত্তীর্ণ। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

১। প্রার্থীর বয়স:

ক. ০১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর।

খ. বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২ জুন ২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/-১(অংম)/৫৮২ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে:

এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

৩। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তি পত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৪। প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৫। সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৬। **অনলাইনে আবেদনের নিয়মাবলী ও করণীয়:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থী http://bmtti.teletalk.com.bd-এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

Online-এ আবেদন পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০ আগস্ট ২০২৩ খ্রি.; সকাল ১০:০০ টা।

Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ আগস্ট ২০২৩ খ্রি.; বিকাল: ০৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে

User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যে কোন Taletalk Pre-Paid Mobile থেকে এস,এম,এস-এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী সম্প্রতি তোলা তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। স্বাক্ষর সাইজ সর্বোচ্চ (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৬০) 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS **প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান**: Online-এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে আবেদন ফি জমাদানের পূর্বেই প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তাঁর সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ২৩/- টাকা সর্বমোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS**: bmtti<space<User ID লিখে Send করতে হবে 16222-তে।
Example: BMTTI ABCDEF
Reply: Applicant's Name, Tk 223/- Will be Charged as application fee. Your PIN is 12345678 To pay fee Type BMTTI<space>Yes<space>PIN and Send to 16222.

**দ্বিতীয় SMS**: BMTTI<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222-তে।
Example: BMTTI Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BMTTI Application for (post name) User ID is (ABCDEF) and Password (××××××××)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bmtti.teletalk.com.bd এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

DAILY NOTICE PUBLISH
Online Job Portal

(i) User ID জানা থাকলে BMTTI<space>Help<space>User ID & Send to 16222.
Example: BMTTI Help User ABCDEF & Send to 16222.
(ii) PIN Number জানা থাকলে BMTTI<space>Yes<space>PIN<space> PIN No & Send to16222.
Example: BMTTI Help PIN 12345678 Send to 16222.

৭। প্রার্থীর যোগ্যতা যাচাইপূর্বক প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে কিংবা ভুয়া প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণের চেষ্টা করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালে অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ)।
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
(ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন।
(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) ।
(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত সনদ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ, বাংলাদেশ গেজেট লাল মুক্তিবার্তা এবং আবেদনকারীর সাথে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়াঁড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ।
(জ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।
(ঝ) অন্যান্য কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯। নিয়োগ নীতিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবল লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

১০। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর ওয়েবসাইটে www.dme.gov.bd এবং www.bmtti.gov.bd-এ পাওয়া যাবে।

১১। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। কর্তৃপক্ষ শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও যে কোন কারণ ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরনের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।

১৫। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৬। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ওয়েবসাইট www.dme.gov.bd এবং www.bmtti.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/bmtti ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dme.gov.bd এবং www.bmtti.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৭। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BMTTI, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ও
সভাপতি
বিএমটিটিআই-এর জনবল নিয়োগ কমিটি

DAILY NOTICE PUBLISH
Online Job Protal